23/WBHRC/Suo/2021

W.B. HUMAN RIGHTS
COMMISSION
KOLKATA-27

File No. /25/ /2020

Date: 11. 02. 2021.

Enclosed is the news clippings which appeared in the ' Ananda Bazar Patrika', a Bengali daily dated 11.02.2021, the news item is captioned ' জয় শ্রীরাম মাস্ক বিলি করায় আটক',

Superintendent of Police, Hooghly is directed to cause an enquiry into the matter and to furnish a report to the Commission by 16th March, 2021.

(Justice Girish Chandra Gupta)
Chairperson

(Naparajit Mukherjee)
Member

Encl: News Item Dt. 11.02.2021

A.S(C) is directed to take immediate steps.
11.02.2021

Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC and upload in the website.

SDB

1149/CR/2021

আনন্দবাজার পত্রিকা ২৮/০২/২০২১

এক নজরে

‘জয় শ্রীরাম’ মাস্ক বিলি করায় আটক

আরএসএস প্রভাবিত একটি সংগঠনের পক্ষ থেকে শেওড়াফুলিতে ‘জয় শ্রীরাম’ লেখা মাস্ক বিতরণ কর্মসূচির আয়োজন করা হয়েছিল। বুধবার সন্ধ্যায় সেই কর্মসূচিকে ঘিরে পুলিশের সঙ্গে ধস্তাধস্তি হল উদ্যোক্তাদের। ২৪ জন বিজেপি কর্মীকে আটক করে পুলিশ। বিজেপির শ্রীরামপুর সাংগঠনিক জেলা সভাপতি শ্যামল বসুর অভিযোগ, কোনও কারণ ছাড়াই দলীয় কর্মীদের আটক করা হয়েছে। ওই মাস্ক বিলি করা অপরাধ নয়। শ্রীরামপুর থানার এক পুলিশ আধিকারিক জানান, বিনা অনুমতিতে রাস্তায় জমায়েতের কারণে তাঁদের আটক করে থানায় নিয়ে যাওয়া হয়েছে। পরে তাঁদের ব্যক্তিগত বন্ডে ছেড়ে দেওয়া হয়।

ছত্রধরের দাবি

তৃণমূলের রাজ্য সম্পাদক ছত্রধর মাহাতো এ বার নিজের জেলা ঝাড়গ্রামের বাইরে জঙ্গলমহলের অংশ বাঁকুড়া জেলার রানিবাঁধেও দলের প্রচারে গেলেন। বুধবার সেখানে ছত্রধর দাবি করলেন, “শুভেন্দু অধিকারীর জন্য লোকসভা ভোটে জঙ্গলমহলে তৃণমূলের ফল খারাপ হয়েছে। এখন আর সে অবস্থা নেই। এই মুহূর্তে ভোট হলে জঙ্গলমহলের ৩৭টি আসনই দিদিকে উপহার দিতে পারব আমরা।” বিজেপির বাঁকুড়া সাংগঠনিক জেলা সভাপতি বিবেকানন্দ পাত্রের দাবি, “ওঁর মতো নেতার বক্তব্যের জবাব দেওয়ার প্রয়োজন মনে করি না।”

চলচ্চিত্র উৎসব

করোনার কারণে এ বার নদিয়ার শান্তিপুরের দ্বিতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব মূলত অনলাইনে আয়োজন করা হয়েছে। ১১, ১২ ও ১৩ ফেব্রুয়ারি চলবে উৎসব। ২৩টি দেশের প্রায় ৬০টি ছবি দেখানো হবে বলে আয়োজকেরা জানান। থাকছে তথ্যচিত্র, ফিচার, অ্যানিমেশন ইত্যাদি নানা স্বাদের সিনেমা। ১৪ ফেব্রুয়ারি সকাল ৯টা থেকে ১০টা পর্যন্ত শান্তিপুর পাবলির লাইব্রেরির প্রেক্ষাগৃহে মুখোমুখি হবেন পরিচালক ও দর্শকেরা। থাকবেন অভিনেতা, অভিনেত্রীরাও। সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠান।

■ **পায়ে পায়ে:** রিপন স্ট্রিট থেকে শিয়ালদহ পর্যন্ত বামদের মিছিল। রয়েছেন সূর্য

কাল খুলছে স্কুল, সমস্যা

পৃঃ ১-এর পর

কলকাতা ও শহরতলির স্কুলগুলোর ক্ষেত্রেও পর্যাপ্ত ক্লাসরুমের সমস্যা দেখা দিতে পারে, দাবি শিক্ষক সংগঠনের নেতাদের। পশ্চিমবঙ্গ সরকারি বিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক সৌগত বসুর মতে, “আলিপুর মাল্টিপারপাস স্কুল, উত্তর পাড়া স্কুলে আমপানে ক্ষতিগ্রস্ত ঘর সারানোর কাজ শুরু করেছে পূর্ত দফতর। সেই কাজ স্কুল শুরু হওয়ার আগে শেষ হলে ভাল হতো।”

শিক্ষকদের একাংশের প্রশ্ন, নবম থেকে দ্বাদশের শিক্ষকদের স্কুলে এসে ক্লাস নিতে হলে পঞ্চম থেকে অষ্টম শ্রেণির অনলাইন ক্লাস করার সময় পাবেন তো? কলেজিয়াম অফ অ্যাসিস্ট্যান্ট হেডমাস্টার্স এন্ড অ্যাসিস্ট্যান্ট হেডমিস্ট্রেসেস এর সম্পাদক সৌদীপ্ত দাসের মতে, “যারা মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক দেবে তাদের এই স্বল্প সময়ে গতানুগতিক ক্লাস না করিয়ে প্রশ্নভিত্তিক পাঠদান ও প্রাক্টিক্যাল ক্লাস করালে ক্লাসরুমের সমস্যা কিছুটা মিটতে পারে। সেই

হুঁশিয়ারি দি নবান্ন অভিযা

নিজস্ব সংবাদদাতা

পুলিশ-প্রশাসনকে চ্যালেঞ্জ জানিয়েই নবান্ন অভিযান করতে অনড় বামপন্থী যুব ও ছাত্রেরা। কোন পথ ধরে মিছিল হতে পারে, তা নিয়ে বুধবার রাত পর্যন্ত পুলিশের সঙ্গে বাম যুব নেতৃত্বের দফায় দফায় আলোচনাতেও কোনও সূত্র বেরোয়নি। বাম নেতৃত্ব হুঁশিয়ারি দিয়ে রেখেছেন, পুলিশ বাধা দিলে যে কোনও পরিস্থিতিই তৈরি হতে পারে। ফলে, সংঘাতের আবহেই আজ, বৃহস্পতিবার নবান্ন অভিযানে যাচ্ছেন বাম যুব ও ছাত্র সংগঠনের কর্মী-সমর্থকেরা।

কর্মসংস্থান ও শিল্পের দাবিতে এবং রাজ্যে সরকার বদলের ডাক দিয়ে আজ নবান্ন অভিযানের কর্মসূচি নিয়েছে ১০টি বামপন্থী যুব ও ছাত্র সংগঠন। শিক্ষা প্রতিষ্ঠান খোলার দাবিও রয়েছে তাদের। নবান্ন অভিযানে আমন্ত্রণ জানানো হয়েছে বামফ্রন্টের বাইরে সহযোগী কিছু দল এবং কংগ্রেসের গণসংগঠনকেও। পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী, আজ কলেজ স্কোয়ারে ছাত্র-যুব জমায়েত হওয়ার কথা। তার পরে